

## 🔳 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ৩৯

## 💵 আরবি মূল আয়াত:

## قَالَ رَبِّ بِمَا اَعْوَيتَنِى لَأُزَيِّنَنَّ لَهُم فِي الأرضِ وَ لَأُعْوِيَنَّهُم اَجمَعِينَ هَالَ رَبِّ بِمَا اَعْوَيتَنِي لَأُزَيِّنَنَّ لَهُم فِي الأرضِ وَ لَأُعْوِيَنَّهُم اَجمَعِينَ هَالَ رَبِّ بِمَا اَعْوَيتَنِّهُم اَجمَعِينَ هَالَ رَبِّ بِمَا اَعْوَيتَنَّهُم اَجمَعِينَ هَالَ رَبِّ بِمَا اَعْوَيتَنَّهُم اَجمَعِينَ هَالْ رَبِّ بِمَا اَعْوَيتَنَّهُم اَجمَعِينَ هَالمَ

## 

সে বলল, 'হে আমার রব, যেহেতু আপনি আমাকে পথভ্রম্ভ করেছেন, তাই যমীনে আমি তাদের জন্য (পাপকে) শোভিত করব এবং নিশ্চয় তাদের সকলকে পথভ্রম্ভ করব'। — আল-বায়ান

সে বলল, 'হে আমার প্রতিপালক! যেহেতু আপনি আমাকে ভ্রান্তপথে ঠেলে দিলেন, কাজেই আমিও পৃথিবীতে মানুষের কাছে পাপকাজকে অবশ্য অবশ্যই সুশোভিত করে দেখাব আর তাদের সবাইকে অবশ্য অবশ্যই বিভ্রান্ত করব। — তাইসিকল


সে বললঃ হে আমার রাব্ব! আপনি যে আমাকে বিপথগামী করলেন তজ্জন্য আমি পৃথিবীতে মানুষের নিকট পাপ কাজকে শোভনীয় করে তুলব এবং আমি তাদের সকলকে বিপথগামী করব। — মুজিবুর রহমান

[Iblees] said, "My Lord, because You have put me in error, I will surely make [disobedience] attractive to them on earth, and I will mislead them all — Sahih International

৩৯. সে বলল, হে আমার রব! আপনি যে আমাকে বিপথগামী করলেন সে জন্য অবশ্যই আমি যমীনে মানুষের কাছে পাপকাজকে শোভন করে তুলব এবং অবশ্যই আমি তাদের সবাইকে বিপথগামী করব।(১)

(১) অর্থাৎ যেভাবে তুমি এ নগণ্য ও হীন সৃষ্টিকে সিজদা করার হুকুম দিয়ে আমাকে আপনার হুকুম অমান্য করতে বাধ্য করেছে ঠিক তেমনিভাবে এ মানুষদের জন্য আমি দুনিয়াকে এমন চিন্তাকর্ষক ও মনোমুগ্ধকর জিনিসে পরিণত করে দেবো যার ফলে তারা সবাই এর দ্বারা প্রতারিত হয়ে আপনার নাফরমানী করতে থাকবে, আখেরাতের জবাবদিহির কথা ভুলে যাবে। অথবা আয়াতের অর্থ, নাফরমানকে তাদের কাছে এমন চিন্তাকর্ষক করে তুলব যে, তারা আপনার নির্দেশ ভুলে যাবে। [ফাতহুল কাদীর] ইবলীসের এ ঘোষণা কুরআনের অন্যান্য স্থানেও এসেছে। [যেমন, সূরা আল-আরাফঃ ১৬–১৭, সূরা আন-নিসাঃ ১১৮, সূরা আল-ইসরাঃ ১৬২] শয়তান তার এ সমস্ত দাবীকে অনেকটাই সত্যে পরিণত করে দেখিয়েছে। আল্লাহ বলেনঃ "তাদের সম্বন্ধে ইবলীস তার ধারণা সত্য প্রমাণ করল, ফলে তাদের মধ্যে একটি মু'মিন দল ছাড়া সবাই তার অনুসরণ করল।" [সূরা সাবাঃ ২০]

তাফসীরে জাকারিয়া





(৩৯) সে বলল, 'হে আমার প্রতিপালক! তুমি যে আমাকে বিপদগামী করলে তার জন্য আমি পৃথিবীতে মানুষের নিকট পাপ কর্মকে অবশ্যই শোভনীয় করে তুলব এবং আমি তাদের সকলকে অবশ্যই বিপথগামী করে ছাড়ব।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1841

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন